

ইরানের দক্ষিণাঞ্চলীয় শহর বন্দর আব্বাসের কাছে অবস্থিত দেশটির বৃহত্তম বাণিজ্যিক বন্দর শহীদ রাজিতে ভয়াবহ বিস্ফোরণে প্রাণহানির সংখ্যা বেড়ে ৪০ জনে দাঁড়িয়েছে। শনিবারের এই বিস্ফোরণে আহত হয়েছেন আরও এক হাজারের বেশি মানুষ। রোববার ইরানের হরমুজগান প্রদেশের সরকারি এক কর্মকর্তার বরাত দিয়ে ফরাসি বার্তা সংস্থা এএফপি প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, ইরানের বৃহত্তম বাণিজ্যিক বন্দরে বিস্ফোরণ এবং অগ্নিকাণ্ডে প্রাণহানি বেড়ে ৪০ জনে পৌঁছেছে। প্রাদেশিক সরকারের এক কর্মকর্তা বলেছেন, বিস্ফোরণের এই ঘটনায় আহত হয়েছেন আরও সহস্রাধিক মানুষ।

হরমুজগান প্রদেশের সরকারি কর্মকর্তা মোহাম্মদ আশৌরি ইরানের রাষ্ট্রায়ত্ত্ব টেলিভিশন চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, শনিবারের বিস্ফোরণে এখন পর্যন্ত ৪০ জনের প্রাণহানির তথ্য পাওয়া গেছে দেশটির রাষ্ট্রায়ত্ত্ব সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, বিস্ফোরণে বন্দরের পার্শ্ববর্তী অনেক ভবনের জানালা এবং ছাদ উড়ে গেছে। এছাড়া বন্দরের আশপাশে রাখা অনেক গাড়ি ধ্বংস হয়েছে। স্থানীয় বাসিন্দারা ৫০ কিলোমিটার দূরেও বিস্ফোরণের শব্দ শুনতে পেয়েছেন বলে জানিয়েছেন। এই ঘটনায় এখন পর্যন্ত ছয় জন নিখোঁজ রয়েছেন।

এই ঘটনার ভিডিওতে দেখা যায়, তীব্র বিস্ফোরণের পর সেখানে আগুনে লেলিহান শিখা উড়ছে। বিস্ফোরণস্থল থেকে লোকজনকে জীবন বাঁচাতে পালিয়ে যেতে দেখা যায়। এ সময় বিস্ফোরণের কারণে ধ্বংস হয়ে যাওয়া ঘরবাড়ির অবশিষ্টাংশের আঘাতে অনেককে আহত অবস্থায় রাস্তায় পড়ে থাকতে দেখা যায়। বিস্ফোরণে হতাহতদের পরিবারের প্রতি গভীর শোক ও সহানুভূতি প্রকাশ করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। এই ঘটনায় সরকারি তদন্তের ঘোষণা দিয়েছেন তিনি। একই সঙ্গে তদন্ত দলের নেতৃত্ব দেওয়ার জন্য ওই অঞ্চলে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রীর পদে পাঠিয়েছেন তিনি।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:43

URL: <https://timestodaybd.com/public/international/7267011544>